



# পারিবারিক সহিংসতা এবং সঙ্গী ভিসাসমূহ

সঙ্গী ভিসায় অস্ট্রেলিয়াতে অবস্থান করার জন্য কোনো ব্যক্তিকে অবমাননাকর সম্পর্কে আবদ্ধ থাকতে হবে না।

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা গ্রহণযোগ্য নয়।

আপনার সঙ্গী, পরিবারের সদস্যরা অথবা সমাজের অন্য কোন ব্যক্তি আপনার ভিসা স্ট্যাটাসকে হুমকির সম্মুখীন করতে পারেন না।

যদি আপনি অস্থায়ী সঙ্গী ভিসা (সাবক্লাস 309 বা 820) বা সম্ভাব্য বিয়ে ভিসা (সাবক্লাস 300) ধারী হন এবং পারিবারিক সহিংসতার শিকার হয়ে থাকেন ও সম্পর্ক শেষ হয়ে গেলে অস্ট্রেলিয়ার অভিবাসী আইনে বিধান রয়েছে আপনার স্থায়ী সঙ্গী ভিসার (উপশ্রেণী 100 বা 801) আবেদনপত্র চালিয়ে যাওয়ার।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **000** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা সহ্য করে না।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা আইন বিরুদ্ধ অপরাধ। নারী পুরুষ-নির্বিশেষে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতাকারী ব্যক্তি কারাগারে যেতে পারেন।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা হলো সঙ্গীকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে তাকে নিরাপত্তা বা কল্যাণের ভয় দেখানোর জন্য আচরণ করা বা হুমকি দেয়া।

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার শিকার হওয়া যে কেউ সহায়তা পরিষেবা থেকে সাহায্য পেতে পারেন।

আপনার ভিসা বা অভিবাসনগত অবস্থা নির্বিশেষে আপনি সাহায্য পেতে পারেন।

আপনার সম্পর্ক টিকে আছে নাকি শেষ হয়ে গেছে তা কোনো ব্যাপারই নয় – তারপরেও আপনি সাহায্য পেতে পারেন।

**1800RESPECT** হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

**1800 737 732** নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট [www.1800RESPECT.org.au](http://www.1800RESPECT.org.au)-এ যান।

## আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

**131 450** নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।

## আপনার ভিসা থাকলে পারিবারিক সহিংসতার বিধান সম্পর্কে আরো তথ্যের জন্য:

অভ্যন্তরীণ বিষয়ক বিভাগের (**Department of Home Affairs**) ওয়েবসাইট [www.homeaffairs.gov.au](http://www.homeaffairs.gov.au)-এ পারিবারিক সহিংসতা ও ভিসা আওম্পর্কে আরও তথ্য রয়েছে।